

## পাশাপাশি

কান্তার হেটে যাওয়া  
প্যারেড রোড ফেলে সামনের দিকে ।  
কোথাও তখন হয়নি সন্ধ্যা ,  
বিকেলের আলো উপচে পড়ে ।

আশেপাশে সব হঠাৎ থমকে যায়,  
সময় নড়ে না,  
আমি তার পাশাপাশি  
ঠিক তার দেহ ঘেষে হাটি  
প্রতিদিন যেভাবে হাটি,  
থমকে য়াই না ।  
শুধু আমার হৃদপিণ্ডের কম্পন বাড়ে  
বাড়ে রক্তচাপ  
নাড়ী ফেটে পড়ার উপক্রম হয় ।

ঠিক তখনি পাশ দিয়ে চলে যায় খালি রিঝা  
আমি ডাকি : ” রিঝা, রিঝা.. ..  
রিঝা থেমে পড়ে,  
থেমে পড়া রিঝায় উঠে পড়ে কান্তা  
আমাকে হেসে বলে : ”আসি” ।

এবার আমি থমকে য়াই ।

জাভেদ আকতার  
প্রথমকবিতা@জিমেইল.কম ।